গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান শাখা

# ১৪ তম PIC সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | গৌতম কুমার<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ও সভাপতি নীতিমালা কার্যক্রম বাস্তবায়ন কমিটি |
| সভার তারিখ | ৩০/১১/২০২১ খ্রি. |
| সভার সময় | বিকাল ০৩.০০ ঘটিকা |
| স্থান | ভার্চুয়াল জুম মিটিং। |
| উপস্থিতি | তালিকা পরিশিষ্ট ‘ক’তে- সংযুক্ত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি “রপ্তানিমুখী তৈরি পোশাক, চামড়াজাত পণ্য ও পাদুকা শিল্পের কর্মহীন হয়ে পড়া ও দুঃস্থ শ্রমিকদের সামাজিক সুরক্ষা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০২০” এর সফল বাস্তবায়নে বৈধ উপকারভোগীর সংখ্যা বৃদ্ধিকরণে সংশ্লিষ্ট সকলকে একযোগে কাজ করার আশাবাদ ব্যক্ত করে বক্তব্য রাখেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব মোঃ আবু আশরীফ মাহমুদ ১৪তম PIC সভার প্রণীত কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সভার শুরুতেই ১৩তম PIC সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সামাজিক সুরক্ষা কার্যক্রম বাস্তবায়নে বৈধ উপকারভোগীর সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে ২৭/০৯/২০২১ তারিখে ঢাকায় ও ২৮/১১/২০২১ তারিখে চট্টগ্রামে অনুষ্ঠিত পৃথক দুটি ওরিয়েন্টেশন সভা সংশ্লিষ্ট সেক্টরের ট্রেড ইউনিয়ন প্রতিনিধি, শ্রম অধিদপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ ও অংশীজনের অংশগ্রহণে সফল হয়েছে বলে সদস্য সচিব সভাকে জানান। এছাড়া সভায় নগদ সহায়তা প্রদানযোগ্য চামড়াজাত পণ্য ও পাদুকা ম্যানুফেক্সারিং সংশ্লিষ্ট শিল্প সংগঠন LFMEAB এর আওতাভুক্ত নতুন ৬২ জন উপকারভোগীর তালিকা অনুমোদন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অদ্য সভার আলোচ্যসূচীমতে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। | নগদ সহায়তার জন্য উপকারভোগীর তথ্য ভেরিফিকেশন ও অনুমোদন | সভার এ পর্যায়ে কমিটির সদস্য সচিব চামড়াজাত পণ্য ও পাদুকা ম্যানুফেক্সারিং সংশ্লিষ্ট শিল্প সংগঠন LFMEAB কর্তৃক নতুন উপকারভোগীদের ভেরিফাইড তথ্য উপস্থাপন করেন। এতে দেখা যায়, LFMEAB’র আওতাধীন ২টি কারখানার মোট ৬২ জন নতুন কর্মহীন শ্রমিকের তথ্যাদি LFMEAB কর্তৃক ভেরিফিকেশন পূর্বক আপলোড হয়ে PIC সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। সদস্য সচিব সভাকে আরো জনান যে, আপলোডকৃত তথ্যাদি অধিকতর যাচাইয়ের নিমিত্ত উপকারভোগীদের কয়েকজনকে রেনডমলি নির্বাচন করে ফোন করা হয়েছে এবং তথ্যের সত্যতা যাচাই করা হয়েছে। এমতাবস্থায় ৬২ জন উপকারভোগীর তথ্য PIC’র সদস্যগণ অনুমোদন করতে একমত পোষণ করেন। | সভায় ৬২ জন বৈধ কর্মহীন শ্রমিককে বর্ণিত সামাজিক সুরক্ষা কার্যক্রমের আওতায় নগদ সহায়তা প্রদান করার জন্য অনুমোদন করা হলো। |
| ২ | অনুমোদিত ৬২ জন উপকারভোগীর নগদ সহায়তার জন্য বিবেচ্য মাস | সভায় অনুমোদিত ৬২ জন উপকারভোগীকে কোন মাসের সহায়তা প্রদান করা হবে এমন প্রসঙ্গ উত্থাপিত হলে LFMEAB প্রতিনিধি বলেন, বর্ণিত শ্রমিকগণ ফেব্রুয়ারি, ২০২১ থেকে কর্মহীন রয়েছে। এ মোতাবেক মার্চ, এপ্রিল ও মে, ২০২১ এর আওতায় নগদ সহায়তা প্রদান করা যেতে পারে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। সভায় ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিসহ উপস্থিত সকলেই তাঁর প্রস্তাবে একমত পোষণ করেন। | ৬২ জন উপকারভোগীকে মার্চ, এপ্রিল ও মে, ২০২১ পর্যন্ত এই ৩ মাসের নগদ সহায়তা প্রদান করা হবে। |

| | | | |
|---|---|---|---|
| ৩ | কার্যক্রম ওরিয়েন্টেশন সভা ও MIS এর উপর প্রশিক্ষণ আয়োজন | ঢাকা ও চট্টগ্রামে ট্রেড ইউনিয়ন প্রতিনিধি, শ্রম অধিদপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর ও সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে সফলভাবে ওরিয়েন্টেশন সভা আয়োজনের প্রসঙ্গ উত্থাপিত হলে PIC সদস্য সিরাজুল ইসলাম রনি এ ধরণের সভা আরো প্রয়োজন বলে সভাকে জানান। এসময় PIC সদস্য আবুল কালাম আজাদ বলেন, MIS এর উপরও প্রশিক্ষণ আয়োজন অব্যাহত রাখা প্রয়োজন। সভায় উপস্থিত সকলেই এ বিষয় দুটিতে একমত পোষণ করেন এবং সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | সামাজিক সুরক্ষা কার্যক্রম বিষয়ে ওরিয়েন্টেশন সভা ও সংশ্লিষ্ট MIS এর উপর প্রশিক্ষণ আয়োজন অব্যাহত থাকবে। |

সভাপতি সামাজিক সুরক্ষা কার্যক্রমটিকে আরও সুদূরপ্রসারী করার আশাবাদ ব্যক্ত করে আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলের অংশগ্রহণ ও মতামত প্রদানের জন্য বিশেষ ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



গৌতম কুমার
মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ও সভাপতি
নীতিমালা কার্যক্রম বাস্তবায়ন কমিটি

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৭.১৬.০০২.২০.২৩৪

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৮
০৬ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) বেগম শামসুন নাহার, মাননীয় সংসদ সদস্য, (নির্বাচনী এলাকা ৩১৩, মহিলা আসন ১৩)
২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর
৩) অতিরিক্ত মহাপরিদর্শক, অতিরিক্ত মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৪) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬) উপসচিব, শ্রম শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৭) পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর
৮) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৯) জনাব মোঃ শফিকুল ইসলাম, অডিও ভিজ্যুয়াল অফিসার, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১০) ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১১) সভাপতি, বিজিএমইএ,
১২) সভাপতি, বিকেএমইএ,
১৩) সভাপতি, এলএফএমইএবি,
১৪) চেয়াম্যান, বিএফএলএলএফইএ,
১৫) জনাব এ.কে.এম মামুনুর রশিদ, যুগ্ম সচিব, (এসডিপি) (বিজিএমইএ),
১৬) জনাব ফজলে শামীম এহসান, সাবেক সহ সভাপতি (বিকেএমইএ),
১৭) জনাব কাজী রওশন আরা, নির্বাহী পরিচালক (এলএফএমইএবি),
১৮) জনাব মোঃ জয়নাল আবেদীন, সচিব (বিএফএলএলএফইএ),
১৯) Mr. Koen Everaert, Second Secretary/Team Leader, Food and Nutrition Security and Sustainable Development of the European Union

to Bangladesh,
২০) LUCCHESE Iole Valentina, Program Manager, Social Protection (EEAS-DHAKA)
২১) Ms. Kishower Amin, Program Manager, European Union,
২২) Ms. Ishrat Shabnam, Proramme Manager, Private sector,
২৩) Ms. Rosalynn Khan, Project Coordinator, KFW,
২৪) Ms. Shaila Rahman, Consultant (Social Security Reforms in Bangladesh),
২৫) সহকারী পরিচালক, সাধারণ শাখা, শ্রম অধিদপ্তর
২৬) সহকারী পরিচালক , তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল , শ্রম অধিদপ্তর (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)
২৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম অধিদপ্তর
২৮) জনাব সিরাজুল ইসলাম রনি, সভাপতি, বাংলাদেশ জাতীয় গার্মেন্টস শ্রমিক কর্মচারী লীগ
২৯) জনাব আবুল কালাম আজাদ, সভাপতি, ট্যানারি শ্রমিক ইউনিয়ন
৩০) অফিস কপি।

আবু আশরীফ মাহমুদ
পরিচালক